

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ ৩৯৮৪

তারিখ: ০৬ কার্তিক ১৪২৪
১৬ অক্টোবর ২০১৭

প্রাপক,
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজাপুর ফাজিল মাদরাসা
নান্দাইল, ময়মনসিংহ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ১০২০০/১৭ এর আদেশ মোতাবেক ০৫-০৬-২০১৭ ইং তারিখের আবেদনটি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।


জনাব,

উর্পর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং ১০২০০/১৭ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ২৩-০৭-২০১৭ইং তারিখের আদেশ মোতাবেক আপনার ০৫-০৬-২০১৭ ইং তারিখের আবেদন নিষ্পত্তির নিমিত্ত নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র ও ব্যাখ্যা দাখিল করার জন্য সূত্রে উল্লেখিত স্মারকে(ইআবি/রেজি/প্রশা/৩৭৭৯ তাং ২১-০৯-২০১৭) আপনাকে পত্র দেয়া হয় :

১. প্রাথমিক পাঠদান/স্বীকৃতি/অধিভুক্তি নবায়নের মূলকপি।
২. গভর্নিং বডি অনুমোদনের সর্বশেষ মূল কপি।
৩. গভর্নিং বডি গঠনে বিলম্ব হওয়ার কারণ ব্যাখ্যা।
৪. অভিভাবক, দাতা, প্রতিষ্ঠাতা ও শিক্ষক প্রতিনিধি নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগের মূল কপিসহ নির্বাচন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র।

উল্লেখিত পত্রের প্রেক্ষিতে চাহিত কোন কাগজপত্র ও ব্যাখ্যা অদ্যাবধি প্রেরণ করেননি। উল্লেখ্য যে, ইতোপূর্বেও একাধিকবার চাহিত কাগজপত্র আপনি দাখিল করেননি।

বর্ণিত অবস্থায় চাহিত কাগজপত্র ও ব্যাখ্যা এবং গভর্নিং বডির নির্বাচনকালীন সময়ের রেজুলেশন বহিসহ আগামী ২৩-১০-২০১৭ ইং তারিখে দুপুর ০২(দুই) ঘটিকায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে স্ব-শরীরে উপস্থিত হওয়ার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল। ব্যর্থতায় আপনার দাখিলকৃত ০৫-০৬-২০১৭ ইং তারিখের আবেদন মোতাবেক গভর্নিং বডির অনুমোদন দেয়া সম্ভব নয়।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়


iaudhaka@gmail.com

তা: ১৬-১০-২০১৭

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ ৩৯৮৪ (৫)

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৩. এ্যাড: জেসমিন সুলতানা(শামসাদ), আইন উপদেষ্টা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. বাদীর আইনজীবী, এ্যাড. হুমায়ন কবির, রুম নং-৫০৫(এনেক্স এক্সট্রা) এবং ৩০২১(এনেক্স) সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশন, ঢাকা-১০০০
৫. বাদী, মো: সিরাজুল ইসলাম, অভিভাবক সদস্য, রাজাপুর ফাজিল মাদরাসা, নান্দাইল, ময়মনসিংহ।
৬. আইন শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়(পত্রটি অনলাইনে প্রকাশের জন্য)।
৮. অফিস কপি।



উপ-রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়